



রাষ্ট্রপতি নির্বাচনে অংশ নেওয়ার ঘোষণা জামায়াতের



ছবি: সংগৃহীত

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। শনিবার রাতে দলের কেন্দ্রীয় নির্বাহী পরিষদের বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়।

রাজধানীর কেন্দ্রীয় কার্যালয়ে আমিরে জামায়াত ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমানের সভাপতিত্বে বৈঠকটি অনুষ্ঠিত হয়। এতে রাষ্ট্রপতি নির্বাচনসহ দেশের সামগ্রিক রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন নেতারা।

বৈঠক শেষে দলের পক্ষ থেকে পাঠানো এক বার্তায় জানানো হয়, রাষ্ট্রপতি নির্বাচনে অংশ নেওয়ার বিষয়ে নির্বাহী পরিষদের সদস্যরা সর্বসম্মত সিদ্ধান্তে পৌঁছেছেন।

এদিকে নির্বাচনে বিরোধী দলের প্রার্থী কে হবেন, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিতে আগামীকাল ১১ দলীয় ঐক্যের শীর্ষ নেতাদের বৈঠক ডাকা হয়েছে। ওই বৈঠকেই প্রার্থী নির্ধারণের বিষয়টি চূড়ান্ত করা হবে বলে জানানো হয়েছে।

সভায় সংবিধান সংস্কার, দেশের বর্তমান রাজনৈতিক পরিস্থিতি এবং ১১ দলীয় ঐক্যের ঘোষিত বিভিন্ন কর্মসূচি নিয়েও আলোচনা হয়।

বৈঠকে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য মিয়া গোলাম পরওয়ারসহ কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্যরা উপস্থিত ছিলেন।